

ফাতওয়া নাম্বার: ৯৯

প্রকাশকাল: ০৩ ই সেপ্টেম্বর, ২০২০ ইংরেজি

দ্বীনের ওপর চলার কারণে পিতা-মাতা অসন্তুষ্ট হলে করণীয় কী?

প্রশ্ন:

আমি বিশ্ববিদ্যালয়ের ছাত্র। স্বাভাবিকভাবেই আমার অনেক স্বপ্ন ছিল, বিসিএস ক্যাডার হওয়ার। আকবুরও অনেক স্বপ্ন ছিল। কিন্তু তাগুত সম্পর্কে পড়াশোনা করার পর এখন আমি সরকারি চাকরি না করার সিদ্ধান্ত নিয়েছি। এজন্য আমার পরিবার আমার জন্য খুব দুঃখ করে। এখন তাঁরা যদি মনে কষ্ট পান তাহলে এ কারণে কি আমার গুনাহ হবে? নাকি তাঁদের সন্তুষ্টির জন্য আমার চাকরির প্রিপারেশন নেওয়া উচিত?

প্রশ্নকারী- বিজয়

উত্তর:

প্রিয় ভাই, দ্বীনের উপর অটল, অবিচল থাকার কারণে পরিবারের কেউ যদি আপনার প্রতি অসন্তুষ্ট হন, এমনকি আপনার পিতা-মাতাও যদি আপনার উপর নারাজ হন, তাহলে এতে আপনার কোনো গুনাহ হবে না। কেননা নাজায়েয কাজে পিতা-মাতার অনুসরণ জায়েয নয়। আল্লাহ তাআলা ইরশাদ করেন,

وَإِنْ جَاهَدَاكَ عَلَىٰ أَنْ تُشْرِكَ بِي مَا لَيْسَ لَكَ بِهِ عِلْمٌ فَلَا تُطِعْهُمَا
وَصَاحِبَهُمَا فِي الدُّنْيَا مَعْرُوفًا۔ -سورة لقمان: 15

“পিতা-মাতা যদি তোমাকে আমার সাথে এমন কাউকে শরীক স্থির করতে পীড়াপীড়ি করে, যার জ্ঞান তোমার নেই; তবে তুমি তাদের কথা মানবে না এবং দুনিয়াতে তাদের সাথে সদ্ভাবে থাকবো।” –সূরা লুকমান (৩১): ১৫

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,

لا طاعة في معصية، إنما الطاعة في المعروف. –صحيح البخاري: 7257

“আল্লাহর নাফরমানির কাজে (অন্য কারো) কোনোরূপ আনুগত্য নেই। আনুগত্য করতে হবে কেবলমাত্র বৈধ কাজে।” –সহীহ বুখারী: ৭২৫৭

অতএব আপনি তাগুতের অধীনে কুফরি বা হারাম চাকরি গ্রহণ না করাতে আপনার পিতা-মাতা আপনার উপর অসন্তুষ্ট হলেও কোনো সমস্যা নেই। আপনি দ্বীনের উপর অটল থেকে উত্তম আখলাক ও অন্যান্য সেবা দিয়ে তাঁদেরকে সন্তুষ্ট রাখার সর্বাত্মক চেষ্টা করুন, আল্লাহ আপনাকে সাহায্য করবেন ইনশাআল্লাহ। -তফসীরে কুরতুবি: ১৪/৬৪, তফসীরে মাযহারি: ৭/২৫৬

উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি



০৭-০১-১৪৪২ হি.

২৭-০৮-২০২০ ইং